১৭

দৈনিক বাংলা

তারিখ ...28 AUG 1996... ..
পৃষ্ঠা ৮ কলাম ৪......

# চট্টগ্রাম ভার্সিটির নয়া প্রো-ভিসি

**স্টাফ রিপোর্টার ঃ** চট্টগ্রাম।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক আবু ইউসুফ আলমকে প্রো-ভাইস চ্যান্সেলর নিয়োগ করা হয়েছে। তিনি রাজনীতি বিজ্ঞানের অধ্যাপক ডঃ বদিউল আলমের স্থলাভিষিক্ত হচ্ছেন। অধ্যাপক আবু ইউসুফ আলমকে প্রো-ভিসি হিসাবে নিয়োগ দেয়ায় শিবির সমর্থিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংগ্রামী ছাত্রঐক্য এই নিয়োগকে সরকারের দলীয়করণের নগ্ন বহিঃপ্রকাশ হিসাবে উল্লেখ করেছেন। সংগ্রামী ছাত্রঐক্যের সভাপতি আবদুল হান্নান ও সাধারণ সম্পাদক আ জ ম কামাল উদ্দিন এক যুক্ত বিবৃতিতে '৯০-এর ২২ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ে সংঘটিত ছাত্র সংঘর্ষের পর গঠিত বিচার বিভাগীয় তদন্ত কমিশনে অভিযুক্ত একজন বিতর্কিত শিক্ষককে বর্তমান সরকার প্রো-ভিসি নিয়োগ করায় ক্ষোভ প্রকাশ করা হয়।

বিবৃতিতে বলা হয় সরকার একদিকে দলীয়করণের বিরুদ্ধে বিবৃতি দিচ্ছে। অপরদিকে দলীয় রাজনীতিতে প্রত্যক্ষভাবে জড়িত একজন শিক্ষককে প্রো-ভিসির মতো গুরুত্বপূর্ণপদে নিয়োগ দিয়ে নিজেরা দলীয়করণ করছে। বিবৃতিতে শিক্ষাঙ্গনে সন্ত্রাসের জন্যে দায়ী সরকার দলীয় সন্ত্রাসীদের গ্রেফতারের দাবী জানান।

**ডীন অফিস ঘেরাও**

ছাত্র শিবির বিশ্ববিদ্যালয় শাখা কমার্স ফ্যাকাল্টির বিভিন্ন দাবী আদায়ের লক্ষ্যে ডীন অফিস ঘেরাও করে। শিবিরের একটি প্রতিনিধিদল এসময় তাদের দাবী নিয়ে ডীনের সঙ্গে এক বৈঠকে মিলিত হন।